রাষ্ট্রীয়খাতে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান

# সাধারণ বীমা কর্পোরেশন
# SADHARAN BIMA CORPORATION

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

**প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা।**

**Website : www.sbc.gov.bd**

“করব বীমা গড়ব দেশ
বঙ্গবন্ধু'র বাংলাদেশ”

সূত্র নং- সাবীক/প্রশাঃ/প্রঃকাঃ/নিয়োগ বিজ্ঞপ্তি/২০২০/১৭৪০ | তারিখঃ ০৬-০৮-২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান **“সাধারণ বীমা কর্পোরেশন”**-এর কিছু সংখ্যক শূণ্য পদ পূরণের লক্ষ্যে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত পদে ও বেতনস্কেলে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদগুলোর জন্য আবশ্যকীয় যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্রঃ নং | পদের নাম ও বেতনস্কেল (২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | আবেদনের যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>টাঃ ৫০,০০০-৭১,২০০/=<br>(গ্রেড-০৪) | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ অন্যূন স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোন সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র প্রোগ্রামার হিসেবে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী;<br>(গ) সর্বোচ্চ বয়স সীমা ৪৫ বৎসর; এবং<br>(ঘ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোন উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ২. | সিনিয়র প্রোগ্রামার<br>টাঃ ৪৩,০০০-৬৯,৮৫০/=<br>(গ্রেড-০৫) | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ অন্যূন স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোন সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে প্রোগ্রামার হিসেবে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী;<br>(গ) সর্বোচ্চ বয়স সীমা ৪০ বৎসর; এবং<br>(ঘ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোন উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ৩. | প্রোগ্রামার<br>টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/=<br>(গ্রেড-০৬) | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোন সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার/এসিস্ট্যান্ট মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার হিসেবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরী; এবং<br>(গ) সর্বোচ্চ বয়স সীমা ৩৫ বৎসর। |
| ৪. | সহকারী প্রোগ্রামার<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/=<br>(গ্রেড-০৯) | ০২টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর। |
| ৫. | এসিস্ট্যান্ট মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/=<br>(গ্রেড-০৯) | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর। |
| ৬. | কন্ট্রোল সুপারভাইজার<br>টাঃ ১৬,০০০-৩৮,৬৪০/=<br>(গ্রেড-১০) | ০৪টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ কন্ট্রোল অপারেটর হিসেবে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকুরী; এবং<br>(খ) সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর। |
| ৭. | কন্ট্রোল অপারেটর<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/=<br>(গ্রেড-১৬) | ০৫টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-৩ এ উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) সর্বোচ্চ বয়স সীমা ৩০ বৎসর। |

**আবেদনকারীর জন্য শর্তাবলীঃ**

১. আগ্রহী প্রার্থীগণ'কে অবশ্যই নির্ধারিত ওয়েবসাইট http://sbc.teletalk.com.bd এ **Online Application Form** পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থীকে ফরম পূরণের নির্দেশিকা (সংশ্লিষ্ট ওয়েবসাইটে দেয়া আছে) মোতাবেক ফরম পূরণ করতে হবে।

২. **আবেদনকারীর বয়সসীমা (৩০-০৬-২০২০ তারিখে সর্বোচ্চ বয়স) :** ক্রমিক নং-০১ এ বর্ণিত পদের জন্য সর্বোচ্চ ৪৫ বছর; ক্রমিক নং-০২ এ বর্ণিত পদের জন্য সর্বোচ্চ ৪০ বছর; ক্রমিক নং-০৩ এ বর্ণিত পদের জন্য সর্বোচ্চ ৩৫ বছর; এবং ক্রমিক নং -০৪ থেকে ০৭ এ বর্ণিত পদের জন্য সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে ক্রমিক নং ০৪ থেকে ০৭ এ বর্ণিত পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী কোটায় আবেদনকৃত প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর (বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

৩. **আবেদনের সময়সীমা :** Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ১৩-০৮-২০২০ রোজ বৃহস্পতিবার, সকাল ১০:০০ ঘটিকা।
Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শেষ তারিখ ০২-০৯-২০২০ রোজ বুধবার, সন্ধ্যা ০৬:০০ ঘটিকা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-০১ এ বর্ণিত পদের জন্য ৳ ১,২০০/- টাকা; ক্রমিক নং-০২ এ বর্ণিত পদের জন্য ৳ ১,০০০/- টাকা; ক্রমিক নং-০৩ এ বর্ণিত পদের জন্য ৳ ৭০০/- টাকা; ক্রমিক নং-০৪ ও ০৫ এ বর্ণিত পদের জন্য ৳ ৫০০/- টাকা; ক্রমিক নং-০৬ এ বর্ণিত পদের জন্য ৳ ৪০০/- টাকা; এবং ক্রমিক নং-৭ এ বর্ণিত পদের জন্য ৳ ৩০০/- টাকা জমা দিতে হবে।

৪. Online আবেদনপত্রে প্রার্থীকে তার স্বাক্ষর **(৩০০×৮০ Pixel, Size Max 60 KB)** ও রঙিন ছবি **(৩০০×৩০০ Pixel, Size Max 100 KB)** স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে।

৫. **Online আবেদনপত্রে পূরণকৃত সকল তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

৬. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনা প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৭. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থকেবে এবং User ID ব্যবহার করে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইলের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য নির্ধারিত টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য , Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।
**প্রথম** SMS **: SBC<space>User ID লিখে 16222 এই নম্বরে Send করতে হবে।**
**দ্বিতীয়** SMS **: SBC<space>YES<space>PIN লিখে 16222 এই নম্বরে Send করতে হবে।**

৮. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://sbc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

৯. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

১০. শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
User ID জানা থাকলে SBC<space><Help>space><User><space><User ID & send to 16222
Example : SBC Help User ABCDEF & send to 16222
PIN Number জানা থাকলে SBC<space><Help>space><User><PIN><space><PIN No. & send to 16222
Example : SBC Help User PIN 123456 & send to 16222

১১ সাবীক নিয়োগ পরীক্ষা-২০২০ এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয় মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যা দি আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইট http://sbc.teletalk.com.bd ও কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইট www.sbc.gov.bd এ পাওয়া যাবে।

১২. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কো ন কাগজপত্র প্রেরণ করতে হবে না। পরবর্তীতে লিখিত পরীক্ষা র পর কেবলমাত্র উত্তীর্ণ প্রার্থীদের সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছ বি, শিক্ষাগত যোগ্যতার সনদের কপি , জাতীয় পারিচয় পত্র /জন্ম নিবন্ধন সনদ-এর কপি, মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃতদের সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের কপি , মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক সম্বলিত প্রত্যয়ন ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র Online- এ আবেদনের প্রিন্ট কপি (Applicant's Copy) সহ **“সাধারণ বীমা কর্পোরেশন, প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০”**-এই ঠিকানায় প্রেরণ করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখি ক পরীক্ষার জন্য ডাকা হবে।

১৩. চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করতে হবে।

**অন্যান্য শর্তাবলীঃ**

নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক এ বিষয়ে জারীকৃত সকল নীতিমালা/কোটা অনুসরণ করা হবে। পরীক্ষার উদ্দেশ্যে যাতায়াতের জন্য কর্পোরেশন কোন প্রকার খরচ বহন করবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল করার কিংবা নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**আবেদনের শেষ তারিখ**
**০২-০৯-২০২০ খ্রিঃ**

**(মোঃ আবদুল বারেক)**
ডেপুটি জেনারেল ম্যানেজার (প্রশাসন)

**Size: 12 x 4 / Publication Date: 09/08/2020**